

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বিআইডব্লিউটিএ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ৮ বৈশাখ ১৪১১/২১ এপ্রিল ২০০৮

এস, আর, ও নং ১০৭-আইন/২০০৮।—The Ports Act, 1908 (Act No. XV of 1908) এর section 4 এর sub-section 1 (a) -এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের বিধানাবলী ভোলা নদীবন্দরের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া এতদ্বারা ঘোষণা করিল এবং sub-section (2) এর বিধান মোতাবেক ভোলা নদীবন্দরের নিম্নরূপ সীমানা নির্ধারণ করিল, যথা :—

(ক) উত্তর সীমানা : ভোলা জেলার ভোলা সদর থানায় অবস্থিত ভোলা লঞ্চ ঘাটের সম্মুখে জেলা পরিষদ কর্তৃক নির্মিত “স্বাগতম স্তম্ভ” থেকে নাগ্গা ইউনিয়নের সদর চর নামক গ্রামের পাসাদিয়া নদীর পূর্ব-পশ্চিম বরাবর $22^{\circ}-81'-08''$ উত্তর অক্ষাংশ এবং ভেদুরিয়া ইউনিয়নের চরকালী গ্রামের বিসিক শিল্প নগরীর শেষ সীমানার পূর্ব-পশ্চিম বরাবর $22^{\circ}-81'-16''$ উত্তর অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

(খ) দক্ষিণ সীমানা : ভোলা জেলার ভোলা সদর থানায় অবস্থিত ভোলা লঞ্চ ঘাটের সম্মুখে জেলা পরিষদ কর্তৃক নির্মিত “স্বাগতম স্তম্ভ” থেকে ভেদুরিয়া ইউনিয়নের চর ছিলাবুনি গ্রামের পাসাদিয়া নদীর পাকা ব্রীজের ভাটিতে পূর্ব-পশ্চিম বরাবর $22^{\circ}-80'-16''$ উত্তর অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

(গ) পূর্ব সীমানা : বর্ণিত উত্তর ও দক্ষিণ সীমানা বরাবর পাসাদিয়া নদীর ও ভোলা খালের পূর্ব পাড়ে ভরা কাটাল (Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest water level) এর তীর রেখা হতে নদীর স্থলভাগের দিকে ৫০ মিটার পর্যন্ত বিস্তৃত; এবং

(ঘ) পশ্চিম সীমানা : বর্ণিত উত্তর ও দক্ষিণ সীমানা বরাবর পাসাদিয়া নদীর ও ভোলা খালের পশ্চিম পাড়ে ভরা কাটাল (Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest water level) এর তীর রেখা হতে নদীর স্থলভাগের দিকে ৫০ মিটার পর্যন্ত বিস্তৃত।

রষ্ট্রপতির আদেশক্রমে

মানিক চন্দ্র দে

সিনিয়র সহকারী সচিব।

লেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৪১৯)

মূল্য : টাকা ১.০০